

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৯১
আগরতলা, ৬ জানুয়ারি, ২০২৪

২০ জানুয়ারি পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতা

পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতা আগামী ২০ জানুয়ারি আগরতলার মুক্তধারা প্রেক্ষাগৃহে অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আজ পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসকের কার্যালয়ে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতা ছাড়াও জেলার বিভিন্ন মহকুমার মহকুমা ভিত্তিক জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভায় জানানো হয় আগামী ১১ জানুয়ারি আগরতলা শিশুবিহার বিদ্যালয়ের কনফারেন্স হলে সদর মহকুমা ভিত্তিক ও মোহনপুর মহকুমা অফিসের কনফারেন্স হলে মোহনপুর মহকুমা ভিত্তিক জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। আগামী ১৭ জানুয়ারি জিরানীয়া অগ্নিবীণা হলে জিরানীয়া মহকুমা ভিত্তিক জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। মহকুমা ভিত্তিক জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতায় নির্বাচিত দলগুলি আগামী ২০ জানুয়ারি পশ্চিম জেলাভিত্তিক জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতায় অংশ নেবেন। সভায় ট্রাইবেল রিসার্চ ইনস্টিটিউটের উপঅধিকর্তা নবকুমার দেববর্মা, পশ্চিম জেলা জনজাতি কল্যাণ আধিকারিক ক্ষীরোদ দেববর্মা, পশ্চিম জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের সহঅধিকর্তা অমৃত দেববর্মা প্রমুখ উপস্থিত ছিলেন।
